



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345

Ref: বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২০/১৬৭

তারিখ: ৩ মে, ২০২০ইং

অতি জরুরী

সম্মানিত সকল সদস্যগণের জন্য

বিষয়ঃ শ্রমিক-কর্মচারীদের এপ্রিল মাসের বেতন হিসাবের ক্ষেত্রে বিজিএমইএর নির্দেশনা।

প্রিয় মহোদয়,

মহামারি করোনা ভাইরাসের থাবায় পুরো এপ্রিল মাসই শিল্পের উৎপাদন বন্ধ। ভীষণভাবে ক্ষতিগ্রস্ত মালিক-শ্রমিক সকলেই। এমনই এক পরিস্থিতিতে উভয়পক্ষের স্বার্থ রক্ষার্থে সরকার-মালিক-শ্রমিক ত্রিপক্ষীয় এক বৈঠকের মাধ্যমে সিদ্ধান্ত নেয়া হয় যে, এপ্রিল মাসে বন্ধ থাকাকালীন সময়ে শ্রমিক-কর্মচারি-কর্মকর্তাগণ তাদের মোট (গ্রস) বেতনের ৬০% প্রাপ্য হবেন, এর মধ্যে যদি কোনো শ্রমিক-কর্মচারি-কর্মকর্তাগণ কোনো দিবসে কাজ করে থাকেন, তাহলে ঐ শ্রমিক-কর্মচারি-কর্মকর্তাগণ কর্মকালীন দিবসগুলোর জন্য পূর্ণ বেতন প্রাপ্য হবেন।

ত্রিপক্ষীয় বৈঠকের এ সিদ্ধান্তটির প্রতি সম্মান প্রদর্শনপূর্বক সঠিকভাবে পরিপালনের জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে। আপনার একক ভিন্ন কোনো সিদ্ধান্ত কোনভাবেই যেন অন্য কোনো প্রতিষ্ঠানের শ্রম অসন্তোষের কারণ না হয়ে দাঁড়ায় সে দিকে বিশেষ ভাবে লক্ষ্য রাখার জন্যও বিনীত অনুরোধ করা হলো। বিজিএমইএ আপনার যে কোন প্রয়োজনে পরামর্শ দেয়ার জন্য সর্বদা প্রস্তুত।

ধন্যবাদান্তে,

কমোডর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

সচিব

[বিঃদ্রঃ উপরের হিসাবের উপর ভিত্তি ধরে শ্রমিক-কর্মচারীদের এপ্রিল মাসের বেতন সীট তৈরী করে অতি দ্রুত ব্যাংকে দাখিল করার জন্য অনুরোধ করা হলো]